



আদালতের নির্দেশে সন্ত্রাসবিরোধী মামলায় আর এস ফাহিম গ্রেপ্তার



আর এস ফাহিম | ছবি: সংগৃহীত

সন্ত্রাসবিরোধী আইনের একটি মামলায় আলোচিত কনটেস্ট ক্রিয়েটর ও নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের সাবেক নেতা আর এস ফাহিম চৌধুরীকে গ্রেপ্তার দেখানোর নির্দেশ দিয়েছেন আদালত। রোববার (১৪ জুন) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জুয়েল রানা পুলিশের আবেদন মঞ্জুর করে এ আদেশ দেন। মামলার তদন্ত-সংশ্লিষ্ট কর্মকর্তাদের দাবি, রাষ্ট্রের অখণ্ডতা ও জননিরাপত্তার বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ডে অর্থায়নের অভিযোগ রয়েছে ফাহিমের বিরুদ্ধে। এ বিষয়ে প্রাথমিক তদন্তে কিছু তথ্য-উপাত্ত পাওয়ার কথা জানিয়েছে পুলিশ।

রাষ্ট্রপক্ষের আইনজীবী শামসুদ্দোহা সুমন জানান, ডিএমপি'র ডিবি সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম (দক্ষিণ) বিভাগের এসআই আমির হামজা গত ৯ জুন তাকে এ মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন করেন। শুনানি শেষে আদালত আবেদনটি অনুমোদন করেন।

মামলার নথি অনুযায়ী, গত ৯ ফেব্রুয়ারি রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টাল সংলগ্ন এলাকায় একটি গোপন বৈঠকের অভিযোগকে কেন্দ্র করে সন্ত্রাসবিরোধী আইনে মামলা দায়ের করা হয়। রমনা থানার এসআই রেজাউল করিম এ মামলার বাদী।

এর আগে গত ২৯ মার্চ মিরপুরের জাতীয় চিড়িয়াখানা এলাকা থেকে আর এস ফাহিমকে আটক করে স্থানীয় জনতা ও শিক্ষার্থীরা। পরে তাকে পুলিশের কাছে হস্তান্তর করা হয়। পরদিন একটি হত্যাকাণ্ডে গ্রেপ্তার দেখিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হলে তিনি সেখানেই ছিলেন।